

ভাসিটি শিক্ষকদের মৌন মিছিল। কৃষি বিশ্ববিদ্যালয়ে পদত্যাগপত্র প্রত্যাহারের অনুরোধ

(ইত্তেফাক রিপোর্ট)
তিনদিনটি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ গতকাল (বুধবার) কালোবাজ ধারণ করিয়া রাজধানীতে সমাবেশ ও রাজপথে মৌন মিছিলে ১লা মার্চের গয়মনসিংহ ঘটনা, ছাত্র হত্যাকাণ্ড, ছাত্রী নিপীড়নের প্রতিবাদ জানান। সমাবেশে গয়মনসিংহ কৃষিভাসিটি শিক্ষকদের পদত্যাগ প্রত্যাহারের অনুরোধ জানানো হয়। সমাবেশ ২০শে ফেব্রুয়ারী হইতে ১লা মার্চ পর্যন্ত চারটি ঘটনার জন্য তিনজন কমিটি বিচারপত্রের সমন্বয়ে পৃথক পৃথক তদন্ত কমিশন গঠনের দাবী জানান ও তিন সপ্তাহের মধ্যে রিপোর্ট ও দোষী ব্যক্তিদের শাস্তি দাবী করে। অস্ত্রাখ্য পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হইবে।

গতকাল (বুধবার) দেশের সকল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ কর্মবিরতি পালন করেন। তাঁহারা কালো বাজ ও ধারণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র শিক্ষক কেন্দ্র মিলনায়তনে ঢাকার তিনটি বিশ্ববিদ্যালয় শিক্ষকদের এক

প্রতিবাদসভা শেষে এক মৌন মিছিল বাহির করা হয়। সকালে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষকদের যৌথ এই প্রতিবাদ সভায় গৃহীত প্রস্তাবে অবিলম্বে সামরিক আইন প্রত্যাহার করিয়া সাংবিধানিক (৮ম পৃঃ ১-এর কঃ দুঃ)

শিক্ষকদের মৌন মিছিল

(১ম পৃঃ পর)
গণতন্ত্র প্রতিষ্ঠার দাবী জানান হয়। সভায় বিশ্ববিদ্যালয়গুলিতে সাম্প্রতিকালের হামলার ঘটনাগুলির পুনরায়ত্তি রোধে নিশ্চয়তা বিধানের দাবী জানান হয়।